University Co-OperativeHousing Society Ltd (Arunapalli)
Date.........
নং-০১

# জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৪

রেজি নং-১৩৯৫ তারিখ : ২৭.০৬.১৯৭৫ খ্রি.

অরুণাপল্লী, সাভার, ঢাকা

তারিখ : ২০.১১.২০২৪ খ্রি.

এতদ্বারা "জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড" এর সম্মানিত সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির গত ২৬.০৮.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৫৮২তম সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থাপনা কমিটির নির্বাচন আগামী **২৫.১২.২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত "সমিতির মাল্টিপারপাস হলে" অরুণাপল্লী, সাভার, ঢাকায়** বিরতিহীনভাবে বার্ষিক সাধারণ সভার দিন ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী **০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সাধারণ সম্পাদক, ০১ (এক) জন কোষাধ্যক্ষ ও ০৮ (আট) জন সদস্য (পরিচালক) সহ সর্বমোট ১২ (বার) সদস্য বিশিষ্ট** ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে।

নিয়োগকৃত নির্বাচন কমিটির ১৮.১১.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের নিমিত্তে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৭(১) বিধি অনুসারে নিম্নরূপ তফসিল ঘোষণা করা হল:

### নির্বাচনী তফসিল ২০২৪ খ্রি.

| ক্রমিক | বিবরণ | তারিখ | বার ও সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | তফসিল ঘোষণা | ২০.১১.২০২৪ খ্রি. | বুধবার, রাত-৯.০০ টা | সমিতির কার্যালয় |
| ২। | মনোনয়নপত্র বিতরণ | ২২.১১.২০২৪ খ্রি.<br>২৪.১১.২০২৪ খ্রি. | শুক্রবার থেকে রবিবার<br>সকাল-৯.০০-১২.৩০ মিনিট পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৩। | মনোনয়নপত্র দাখিল | ২৬.১১.২০২৪ খ্রি.<br>২৭.১১.২০২৪ খ্রি. | মঙ্গলবার ও বুধবার<br>সকাল-১০.০০-৪.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৪। | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ থাকেন) | ২৯.১১.২০২৪ খ্রি. | শুক্রবার, সকাল-১০.৩০ মিনিট | সমিতির কার্যালয় |
| ৫। | বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৯.১১.২০২৪ খ্রি. | যাচাই বাছাইয়ের পর | সমিতির নোটিশ বোর্ড |
| ৬। | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোনো প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপিল আবেদন দাখিল | ০১.১২.২০২৪ খ্রি.<br>০২.১২.২০২৪ খ্রি. | রবিবার ও সোমবার<br>(সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত) | জেলা সমবায় কার্যালয় সমবায় ভবন, ৩য় তলা, আগারগাঁও শেরে-বাংলা নগর, ঢাকা। |
| ৭। | আপিলের শুনানি ও রায় | ০৩.১২.২০২৪ খ্রি.<br>০৪.১২.২০২৪ খ্রি.<br>০৫.১২.২০২৪ খ্রি. | মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার<br>আপিল কর্তৃপক্ষ কর্তৃক<br>নির্ধারিত সময় | ঐ |
| ৮। | মতবিনিময় | ০৭.১২.২০২৪ খ্রি. | শনিবার, বিকাল-৫.০০ টা | সমিতির কার্যালয় |
| ৯। | বৈধ প্রার্থিগণের তালিকা প্রকাশ | ০৬.১২.২০২৪ খ্রি. | শুক্রবার, সকাল-১০.৩০ মিনিট | সমিতি নোটিশ বোর্ড |
| ১০। | প্রার্থিতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ১০.১২.২০২৪ খ্রি. | মঙ্গলবার<br>সকাল-১০.০০-১২.৩০ মিনিট পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১১। | একক প্রার্থীর তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১১.১২.২০২৪ খ্রি. | বুধবার, বেলা-১২.০০ টা | সমিতি নোটিশ বোর্ড |
| ১২। | চূড়ান্তভাবে বৈধ প্রতিদ্বন্দ্বী প্রার্থিগণের মধ্যে প্রতীক বরাদ্দ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৩.১২.২০২৪ খ্রি. | শুক্রবার, সকাল-১০.০০ টা | সমিতির কার্যালয় |
| ১৩। | চূড়ান্তভাবে বৈধ প্রার্থিগণের তালিকা প্রকাশ | ১৩.১২.২০২৪ খ্রি. | শুক্রবার, সকাল-১০.০০ টা | সমিতি নোটিশ বোর্ড |
| ১৪। | বুথ পরিদর্শন | ২৪.১২.২০২৪ খ্রি. | মঙ্গলবার, বিকাল-৪.০০ টা | ভোট কেন্দ্র |
| ১৫। | ভোট গ্রহণ | ২৫.১২.২০২৪ খ্রি. | বুধবার<br>সকাল-৯.০০ টা হতে দুপুর-১.০০ টা পর্যন্ত | সমিতির মাল্টিপারপাস হল অরুণাপল্লী, সাভার, ঢাকা |
| ১৬। | ভোট গণনা ও ফল প্রকাশ | ২৫.১২.২০২৪ খ্রি. | ভোট গ্রহণের পর | সমিতির মাল্টিপারপাস হল অরুণাপল্লী, সাভার, ঢাকা |

### নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীকসমূহ

| ক্রমিক | পদের নাম | প্রতীকসমূহ |
|---|---|---|
| ০১। | সভাপতি | চেয়ার, গরুরগাড়ী, ছাতা, হরিণ |
| ০২। | সহ-সভাপতি | আনারস, হারিকেন, উড়োজাহাজ, টেলিভিশন |
| ০৩। | সাধারণ সম্পাদক | মোরগ, মাছ, আপেল, দেয়ালঘড়ি |
| ০৪। | কোষাধ্যক্ষ | প্রজাপতি, মিনার, ফুটবল, মই |
| ০৫। | ব্যবস্থাপনা কমিটির সদস্য (পরিচালক) | খেজুরগাছ, রেলগাড়ি, আম, ক্যামেরা, হাঁস, ঘুড়ি, বটগাছ, টেবিলফ্যান, ডাব, বাস, ট্রাক, তালাচাবি, মোবাইল ফোন, রেডিও, পদ্ম ফুল, লাটিম, মাইক, টিউবওয়েল, ময়ূর, জিপগাড়ি, হেলিকপ্টার, উট, তলোয়ার, তালগাছ, পালকি, বাইসাইকেল, কলম |

ব্যবস্থাপনা কমিটি নির্বাচন-২০২৪
তারিখ.........
অরুণাপল্লী, সাভার, ঢাকা

CamScanner

# নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়সমূহ

১. "জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড" এর আগামী **২৫.১২.২০২৪ খ্রি.** তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের লক্ষ্যে মনোনয়নপত্রের ফরম বিতরণ ও জমা গ্রহণ, বাছাই, বৈধ এবং বাতিলকৃত প্রার্থিগণের তালিকা প্রকাশ, চূড়ান্ত বৈধ প্রার্থিগণের তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দ্বী প্রার্থিদের মধ্যে প্রতীক বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্বাচন কমিটি কর্তৃক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং আপিল আবেদন দাখিল, শুনানী গ্রহণ ও আপিলের রায় প্রদান জেলা সমবায় অফিসার, ঢাকা মহোদয়ের কার্যালয়ে (সমবায় ভবন, ৩য় তলা, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে। **আগামী ২৫.১২.২০২৪ খ্রি. তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন "সমিতির মাল্টিপারপাস হল রুম" অরুণাপল্লী, সাভার, ঢাকায় অনুষ্ঠিত হবে।**

২. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের ফি ৫০০/- (পাঁচশত মাত্র) টাকা এই সমিতিতে জমা প্রদান করতে হবে।

৩. প্রার্থীর এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও উপজেলা সমবায় অফিসার, সাভার, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক দাখিল করতে হবে।

৪. নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণ করে ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, সাভার, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫. দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ণ, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। নির্বাচন কমিটি বাতিল বলে গণ্য করবে।

৬. একই প্রতীক একাধিক প্রার্থী দাবি করলে লটারির মাধ্যমে প্রতীক বরাদ্দ করা হবে।

৭. কোনো পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীকসমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে।

৮. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৮৮ বিধি যথাযথ অনুসরণ করা হবে।

৯. নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থিতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক একক প্রার্থী হিসেবে ঘোষণা করা হবে।

১০. নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থিগণকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩-এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১১. নির্বাচন সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত, ২০২০) ও সমিতির উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১২. নির্বাচন কমিটি সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৮(২) বিধি মতে প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেওয়া তথ্যাদির যথার্থতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যেকোনো উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবেন।

১৩. প্রয়োজনে নির্বাচন কমিটি নির্বাচনী আচরণবিধি ঘোষণা করতে পারবেন।

১৪. নির্বাচন সংক্রান্ত কোনো তথ্যের প্রয়োজনে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৫. মনোনয়নপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (A4 সাইজ) সংযুক্ত করতে হবে।

১৬. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| (অধ্যাপক ড. অনিরুদ্ধ কাহালি) | (অধ্যাপক মাসুম শাহরিয়ার) | (জনাব মোহাম্মদ মামুন অর রশীদ) |
| সভাপতি, নির্বাচন কমিটি/২০২৪ | সদস্য, নির্বাচন কমিটি/২০২৪ | সদস্য, নির্বাচন কমিটি/২০২৪ |
| জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড | জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড | জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড |
| সদস্য নং-৪৯৫ | সদস্য নং-৩৪৯/১ | সদস্য নং-২২২/৩ |

পত্র নং-০১/১(৬) তারিখ ঃ ২০.১১.২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। জনাব ........................... সদস্য নং-........, জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড, অরুণাপল্লী, সাভার, ঢাকা

২। সভাপতি/সাধারন সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড। তাঁকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ১৪(৫) বিধি মোতাবেক সমিতির সকল সদস্যদের নিকট নির্বাচন কমিটি কর্তৃক জারিকৃত নির্বাচনী তফসিল ব্যাপক প্রচারসহ যথা সময়ে সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো

৩। সভাপতি/সদস্য, নির্বাচন কমিটি/২০২৪, জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড, অরুণাপল্লী, সাভার, ঢাকা

৪। উপজেলা সমবায় অফিসার, সাভার, ঢাকা

৫। জেলা সমবায় অফিসার, ঢাকা ও আপিল কর্তৃপক্ষ

৬। সমিতির নোটিশ বোর্ড।

(অধ্যাপক ড. অনিরুদ্ধ কাহালি)
সভাপতি
নির্বাচন কমিটি
জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ
হাউজিং সোসাইটি লিমিটেড, অরুণাপল্লী, সাভার,
ঢাকা।

CamScanner